

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখাঃ কারিগরি-১  
পরিবহন পুল ভবন, ঢাকা  
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০১.২০১৭-৩২০/১

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ  
০৯ মে ২০১৯ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) জনাব মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া বিগত ০১/১১/২০১৬ খ্রি. তারিখ হতে অন্যবধি ৩০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। এহেন অননুমোদিত অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী 'অসদাচরণ' ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী 'ডিজারশন' এর অভিযোগে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুত করে তার বরাবর প্রেরণ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত শিক্ষক এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি। ফলে রুজুকৃত বিভাগীয় মোকদ্দমটি সংশ্লিষ্ট বিধিমালা অনুযায়ী ধারাবাহিক কার্যক্রমে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়।

০২। তদন্তকারী কর্মকর্তা ড. মো: ফারুক হোসেন, যুগ্মসচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বিগত ১৩/০৫/২০১৮ খ্রি. তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন মোতাবেক জনাব মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ (বি) অনুযায়ী 'অসদাচরণ' ও বিধি ৩ (সি) অনুযায়ী 'ডিজারশন' এর অভিযোগ প্রমাণিত হয়েছে।

০৩। অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৯ মোতাবেক গুরুদণ্ডের আওতায় কেন তাকে বিগত ০১/১১/২০১৬ খ্রি. তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করা হবে না সে বিষয়ে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জবাব দাখিলের জন্য দ্বিতীয় কারণ সর্শনের নোটিশ গত ১৮ জুলাই ২০১৮ খ্রি. তারিখে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় ডাকযোগে প্রেরণ এবং দেওয়ানি কার্যবিধি ১৯০৮ অনুযায়ী গত ১১ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে 'দৈনিক ইত্তেফাক' ও একই তারিখে 'theindependent' পত্রিকায় এবং ০৩ জানুয়ারি ২০১৯ খ্রি. তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েব সাইটে প্রকাশ করা হয়। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অভিযুক্ত শিক্ষক এ বিষয়ে কোন জবাব দাখিল বা যোগাযোগ করেননি।

০৪। রুজুকৃত বিভাগীয় মোকদ্দমার ধারাবাহিক কার্যক্রমে বর্ণিত বিধিমালায় বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী গুরুদণ্ডের আওতায় জনাব মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া কে বিগত ০১/১১/২০১৬ খ্রি. তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের পরামর্শ চেয়ে পত্র প্রেরণ করা হয়। বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী অভিযুক্ত জনাব মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া কে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত সিদ্ধান্তের সাথে কমিশন একমত পোষণ করে।

০৫। জনাব মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী 'অসদাচরণ' এবং বিধি ৩৩ এর উপবিধি (গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে চাকরি থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং সরকারি কর্মকমিশন উক্ত সিদ্ধান্তের সাথে একমত পোষণ করায় তাকে গুরুদণ্ডের আওতায় বিগত ০১/১১/২০১৬ খ্রি. তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (Dismissal from Service)" করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

০৬। এমতাবস্থায়, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ (ঘ) অনুযায়ী কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউটের ইনস্ট্রাক্টর রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং) জনাব মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া বিগত ০১/১১/২০১৬ খ্রি. তারিখ হতে "চাকরি থেকে বরখাস্ত (dismissal from service)" করা হলো।

০৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(মোঃ আলমগীর)  
সচিব

উপ-পরিচালক

বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।


(প্রজ্ঞাপনটি পূর্ববর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

নং- ৫৭.০০.০০০০.০৫১.০৪.০০১.২০১৭-৩২০(৮)

তারিখঃ ২৬ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ  
০৯ মে ২০১৯ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো।

- (১) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- (২) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।  
(জনাব মোহাম্মদ ইকবাল হোসেন ভূঁইয়া এর ব্যক্তিগত নথিতে/ডেসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
- (৩) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৪) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, ঢাকা।
- (৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৬) অধ্যক্ষ, গোপালগঞ্জ পলিটেকনিক ইনস্টিটিউট, গোপালগঞ্জ।
- (৭) প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৮) জনাব .....



(মোঃ আয়াতুল ইসলাম)  
উপসচিব (কারিগরি-১)  
ফোনঃ ৯৫ ৮৪ ৬৬৬

[sastec1@tmed.gov.bd](mailto:sastec1@tmed.gov.bd)